



পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) একটি জাতীয় বেসরকারী উন্নয়ন সংস্থা হিসাবে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নকল্পে জাতীয়, আঞ্চলিক এবং সরকারী পর্যায়ে ৪০টির ও বেশী দাতা সংস্থার সাথে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করছে। সংস্থাটি বাংলাদেশের ২৩টি জেলায় দারিদ্র বিমোচনে কাজ করে আর্থ-সামাজিক উন্নয়নে বহুমাত্রিক অবদান রাখছে।

পিকেএসএফ (PKSF) এর অর্থায়নে পরিচালিত সংস্থার (ENRICH/সমৃদ্ধি) কর্মসূচির আওতায় শিক্ষা সহায়তা, স্বাস্থ্যসেবা, পুষ্টি কার্যক্রম ও অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত পদের জন্য যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নামঃ সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী।

শিক্ষাগত যোগ্যতাঃ যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী।

বেতনঃ ৩৩,০০০/- টাকা। এছাড়াও প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

কর্মস্থলঃ কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলার শিবপুর ইউনিয়ন।

কাজের বিবরণঃ

দরিদ্র পরিবারকে লক্ষ্য করে পরিবারের বর্তমান সম্পদ ও সক্ষমতার সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ এবং যথাযথ পরিমিতিতে এর সম্পদ ও সক্ষমতা বৃদ্ধির জন্য যাবতীয় কার্যাদি পালন করবেন। তিনি টেকসই একটি পরিবারকে দারিদ্রমুক্ত করে সামগ্রিকভাবে জাতীয় ভিত্তিক দারিদ্র দূরীকরণ প্রচেষ্টায় অবদান রাখার প্রচেষ্টা গ্রহণ করবেন। কর্মসূচিতে অংশগ্রহণকারীদের শিক্ষা স্বাস্থ্য ও পুষ্টি, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা ও পুনর্বাসনের জন্য পদক্ষেপগ্রহণ করবেন।

দায়িত্ব ও কর্তব্যঃ

- সমৃদ্ধি কর্মসূচির আওতায় মাঠপর্যায়ে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কর্ম পরিকল্পনা, বাজেট প্রভৃতি তৈরী করা;
- সমৃদ্ধি কর্মসূচির আওতায় পরিচালিত স্বাস্থ্যসেবা, পুষ্টি, শিক্ষা-সহায়তা, কমিউনিটি-ভিত্তিক উন্নয়ন, যুব উন্নয়ন, সবজির বীজ বিতরণ, ভূমি কম্পাষ্ট, ভিক্ষুক পুনর্বাসন, কর্মসংস্থানের লক্ষ্যে কারিগরি প্রশিক্ষণ, বন্ধুচুলা, সোলার, ঔষধি গাছ চাষাবাদ, আর্থিক সহায়তাসহ বিভিন্ন কার্যক্রম মাঠ পর্যায়ের নিয়মিত পরিদর্শন করা/তত্ত্বাবধান;
- বিভিন্ন ক্ষেত্রে মানবাধিকার নিশ্চিতকরণ ও লিঙ্গবৈষম্য দূরীকরণে ব্যাপকভিত্তিক প্রচারণা ও উদ্বুদ্ধকরণ কর্মসূচি বাস্তবায়ন করা;
- সমৃদ্ধি কর্মসূচির সামগ্রিক তথ্য বিশ্লেষণ করে অগ্রগতি/মনিটরিং/বিভিন্ন প্রতিবেদন তৈরী;
- মাঠপর্যায়ে কর্মরত সংশ্লিষ্ট সহকারী দপ্তর/বিভাগ যেমন-সমাজসেবা অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ বিভাগ, পশুসম্পদ অধিদপ্তর, হাসপাতাল/কমিউনিটি ক্লিনিক, বিদ্যালয় ইত্যাদির সংগে প্রয়োজানুসারে কাজের সমন্বয় করা ও স্থানীয় প্রশাসন/জনপ্রতিনিধিদের সাথে যোগাযোগ ও সুসম্পর্ক তৈরী করা;
- মাসিক ও কর্মসূচিভিত্তিক প্রতিবেদন তৈরী ও যথাযথ কর্তৃপক্ষকে প্রদান করা;
- সংস্থার কর্তৃপক্ষ ও দাতা সংস্থার পরিদর্শনে সার্বিক সহায়তা এবং প্রয়োজনীয় তথ্য প্রদান করা;

অন্যান্য শর্তাবলীঃ

- যে কোন উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালনায় সুপারভাইজার অথবা সমন্বয়কারী পর্যায়ে ৪ বছরের অভিজ্ঞতা।
- কম্পিউটারের অফিস প্রোগ্রাম জানা থাকতে হবে।
- যোগাযোগের দক্ষতা থাকতে হবে।
- কর্মএলাকার প্রত্যন্ত অঞ্চলে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- মোটরসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।
- অভিজ্ঞতা নাই এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রসিদ ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ১৫/০৩/২০২০ইং তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ই-মেইলেও আবেদন পাঠাতে পারেন। ই-মেইল: hr@popibd.org। খামের উপরে অথবা ই-মেইলের সাবজেক্ট লাইনে পদের নাম উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

